দৈনিক সংবাদ

তারিখ 12 SEP 1992
পৃষ্ঠা ৮ কলাম ৭

105

# শিবিরের জা'নগর ক্যাম্পাস দখলের পরিকল্পনা ব্যর্থ

## ককটেলসহ ৮ জন পুলিশে সোপর্দ

(বিশ্ববিদ্যালয়সংবাদদাতা)

জাহাঙ্গীরনগর, ১০ই সেপ্টেম্বর।– ইস–লামী ছাত্র শিবিরের জাহাঙ্গীরনগর বিশ্ব–বিদ্যালয় ক্যাম্পাস দখলের একটি পরিকল্পনা শুরুতেই সাধারণ ছাত্ররা ব্যর্থ করে দিয়েছে।

বুধবার গভীর রাতে আটজন শিবির কর্মীকে ককটেলসহ পুলিশের কাছে সোপর্দ করা হয়েছে। ছাত্রদল নেতা কবিরকে হত্যা করার পর বিশ্ববিদ্যালয়ে শিবিরের তৎপরতা নিষিদ্ধ ঘোষিত হয়।

জানা গেছে, গত বুধবার সন্ধ্যার দিকে জাহাঙ্গীর নামে একজন বহিরাগত শিবির–কর্মী শহীদ সালাম বরকত হলে শিবিরের একজন নেতার কাছে আসে। কিন্তু ভুলক্রমে সে অন্য একটি হলের একই নম্বরের কক্ষে গিয়ে শিবিরের নেতার খোঁজ করলে কয়েকজন ছাত্র তাকে কৌশলে জিজ্ঞাসাবাদ করে ক্যাম্পাসে শিবিরের নেতাদের নাম বের করে। এরপর তাকে আটক করা হয়। তার স্বীকারোক্তি অনুযায়ী শহীদ সালাম বরকত হলের শিবির নেতা আমিনুলের ৩১৩ নম্বর কক্ষ থেকে কয়েকটি ককটেল উদ্ধার করা হয়। জিজ্ঞাসাবাদের একপর্যায়ে আমিনুল নিজেকে ইসলামী ছাত্র শিবিরের কেন্দ্রীয় কমিটির সদস্য বলে পরিচয় দেয় এবং জাহাঙ্গীরনগর বিশ্ব–বিদ্যালয়ের শিবিরের ২২ জন নেতার নাম

শিবির : পৃঃ ৮ কঃ ৩

## শিবির : পরিকল্পনা শুরুতেই নস্যাৎ

(১ম পাতার পর)

প্রকাশ করে। আমিনুল ইসলামী ছাত্র শিবিরের গোপন রাজনৈতিক তৎপরতার কথা স্বীকার করে। সে আরো জানায়, কয়েক মাসের মধ্যে ক্যাম্পাস দখলের পরিকল্পনা নিয়ে তারা অগ্রসর হচ্ছিল।

রাত সাড়ে ১২টার দিকে ক্যাম্পাসে এ খবর ছড়িয়ে পড়লে উত্তেজনার সৃষ্টি হয়। এ সময় বিভিন্ন হল থেকে সাধারণ ছাত্ররা বিক্ষুব্ধ হয়ে বেরিয়ে এসে আলবেরুনী হলে মিলিত হয়। সেখান থেকে সর্বদলীয় ছাত্র ঐক্যের ব্যানারে এক বিক্ষোভ মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে। এ সময়ে মিছিলের একটি জঙ্গী অংশ আমিনুলের দেয়া তথ্য অনুযায়ী বিভিন্ন হলে শিবিরের কর্মীদের সন্ধান করে এবং কয়েকজনকে প্রহার করে। ছাত্ররা তুহীন, শফিক, সবুজ, আশরাফ, রুমেল, মোখলেস, আলাউদ্দিন ও জাহাঙ্গীর এই আটজনকে রাত সাড়ে ৪টার দিকে ককটেলসহ সাভার পুলিশের কাছে হস্তান্তর করে। আমিনুল পালিয়ে যেতে সক্ষম হয়।

মিছিলশেষে উপাচার্যের বাসভবনের সামনে আয়োজিত এক সমাবেশে সর্বদলীয় ছাত্র ঐক্য যেকোন মূল্যে ক্যাম্পাসকে শিবির মুক্ত রাখার প্রত্যয় ব্যক্ত করেন।

ক্যাম্পাসে এখন উত্তেজনা বিরাজ করছে। প্রতিটি হলে সর্বদলীয় ছাত্র ঐক্য ব্রিগেড গঠন করে প্রহরার ব্যবস্থা করা হয়েছে।

### শিক্ষক সমিতির উদ্বেগ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গত বুধবারের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে। সমিতির এক বিবৃতিতে কতিপয় উচ্ছৃংখল ছাত্র কর্তৃক প্রাণিবিদ্যা বিভাগের শিক্ষক ডঃ আবদুল্লাহ হেল বাকীর বাসভবনে অনধিকার প্রবেশের ঘটনার নিন্দা করে প্রকৃত দোষী ব্যক্তিদের শাস্তি দাবি করা হয়।

### সর্বদলীয় ছাত্র ঐক্য

সর্বদলীয় ছাত্র ঐক্য এক বিবৃতিতে যেকোন মূল্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে জামাত শিবিরের যেকোন চক্রান্ত প্রতিহত করার প্রত্যয় ব্যক্ত করেছেন। বিবৃতিতে তারা বলেন, শিবিরকর্মীরা মারাত্মক অস্ত্রশস্ত্রসহ আক্রমণের পাঁয়তারা করছিল।